

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, রাজশাহী
www.bkkb.rajshahidiv.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক
দিবস পালন উপলক্ষ্যে ২৪/০৭/২০২৩ খ্রি. অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আনোয়ার যাইদ, পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয়
কার্যালয়, রাজশাহী।
সভার তারিখ : ২৪/০৭/২০২৩ খ্রি.
সময় : বিকাল ৩:০০ ঘটিকা
সভার স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ।

সভায় কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।



সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৯৭৫
সালের ১৫ আগস্টে শাহাদত বরণকারী সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। সভাপতি বলেন, বিশ্বের
ইতিহাসে এটি একটি নারকীয় হত্যাকাণ্ড। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের
শহীদ সদস্যগণের রুহের মাগফিরাত কামনা করেন।

০২। অতঃপর এ বিষয়ে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়ে ২৩ আগস্ট, ২০২৩ তারিখে অনুষ্ঠিত
সভার নির্দেশনা/সিদ্ধান্তসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধান কার্যালয় কর্তৃক গৃহীত
কর্মসূচির সাথে সংগতি রেখে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে দিবসটি পালনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি
প্রতিপালনের সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ

ক্র. নং	কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	১৫ আগস্ট, ২০২৩ জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ	স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২৩ জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	কল্যাণ অফিসার, সংশ্লিষ্ট কর্মচারী
০২	কালো ব্যাজ ধারণ	০১ আগস্ট ২০২৩ তারিখ থেকে এ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করবেন।	সকল কর্মকর্তা ও কর্মচারী
০৩	ড্রপ ডাউন ব্যানার টাঙ্গানো	১৫ আগস্ট উপলক্ষ্যে এ দপ্তরের নিজস্ব ভবনের দর্শনীয় স্থানে ০১ আগস্ট ২০২৩ তারিখ থেকে ড্রপ ডাউন ব্যানার টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	হিসাবরক্ষণ অফিসার, সংশ্লিষ্ট কর্মচারী

০৪	জাতির পিতার মুরালে পুষ্পস্তবক অর্পণ	সি এন্ড বি মোড় সংলগ্ন চত্বরে স্থাপিত বঙ্গবন্ধুর মুরালে অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ বিভাগীয়/জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত সময়ে পুষ্পস্তবক অর্পণ করবেন।	সকল কর্মকর্তা/ কর্মচারী
০৫	আলোচনা সভা ও দোয়া মাহফিল	স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে।	উপ-পরিচালক, কল্যাণ কর্মকর্তা
০৬	গৃহীত কার্যক্রম সমূহের আলোকচিত্র ধারণ, সংরক্ষণ এবং প্রধান কার্যালয়ে প্রেরণ	নির্দেশনা মোতাবেক অত্র কার্যালয়ে গৃহীত কার্যক্রম সমূহের স্থিরচিত্র ধারণ, সংরক্ষণ এবং প্রধান কার্যালয়ে ১৫ই আগস্ট তারিখ অপরাহ্নে ইমেইল প্রেরণ এবং ওয়েব পোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-পরিচালক, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাস্করিক

পরিশেষে বিভাগীয় প্রশাসন / জেলা প্রশাসন, রাজশাহী কর্তৃক গৃহীত সংশ্লিষ্ট কর্মসূচিতে অংশগ্রহণের
প্রতি গুরুত্বারোপ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (মোঃ আনোয়ার হাইদ)
 পরিচালক
 ফোনঃ ০২৫৮৮৮৫২৩০৫
 ই-মেইল: directorraj@bkkb.gov.bd


নথি নং-০৫.৮১.৮১০০.০০১.০১.০০৪.০৪ (অংশ-২) ১৯

তারিখ: ২৫/০৭/২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)
- ২। মহাপরিচালকের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। কর্মকর্তা-কর্মচারী (সকল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ৪। অফিস কপি


 (মোঃ আনোয়ার হাইদ)
 পরিচালক
